

প্রথম পৃষ্ঠা

তারিখ ... JUL 07 1966 ...  
পৃষ্ঠা ১ কলাম ৪

## ঢাকা কলেজে উচ্চ মাধ্যমিক ছাত্র ভর্তি নিয়ে অনিশ্চয়তা এখনো কাটেনি

**নিজস্ব প্রতিবেদক**  
রাজধানীসহ দেশের বিভিন্ন কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভর্তি প্রক্রিয়া পুরোদমে শুরু হলেও ঢাকা কলেজে ছাত্র ভর্তির ব্যাপারে এখনো কোনো সিদ্ধান্তই হয়নি। ফলে দেশের বিভিন্ন স্থান থেকে ভর্তিচ্ছু মেধাবী ছাত্ররা কলেজে ভিড় জমাচ্ছে, অথচ তাদের কিছুই জানানো হচ্ছে না। এ নিয়ে ছাত্র-অভিভাবকদের মধ্যে ক্ষোভ রয়েছে।  
বিভিন্ন সরকারি কলেজের একাডেমিক কাউন্সিল ৪ ৪ কলেজে ছাত্র ভর্তি বিষয়ে এরপর পৃষ্ঠা ২ কলাম ৭

## ঢাকা কলেজে ছাত্র ভর্তি

প্রথম পৃষ্ঠার পর  
সর্বনিম্ন যোগ্যতা নির্ধারণ করে সিদ্ধান্ত নিলেও ঢাকা কলেজের একাডেমিক কাউন্সিলে এ বিষয়ে কোনো সিদ্ধান্তই নেওয়া হয়নি। সরকারি বাংলা কলেজ কর্তৃপক্ষ জানান, মন্ত্রণালয়ের নির্দেশ না পেলেও ছাত্রছাত্রীদের ভর্তির ন্যূনতম যোগ্যতার বিষয়ে তারা সিদ্ধান্ত নিয়েছেন এবং ভর্তিচ্ছুদের সেভাবেই তথ্য দেওয়া হচ্ছে। তবে সরকারি তিতুমীর কলেজ ইতিমধ্যেই উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রম বন্ধ করে দিয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, রাজধানীর অন্যতম শীর্ষস্থানীয় নটরডেম কলেজে ইতিমধ্যে ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। পঞ্চপাশি - রাজধানীর - অন্যান্য - কলেজের ভর্তি পরীক্ষাও ফার্মাদি সম্পন্ন করেছে। ঢাকা কলেজের শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, স্বাতন্ত্র্যের স্তরের সরকারি কলেজগুলো থেকে উচ্চ মাধ্যমিক শিক্ষা কার্যক্রম পর্যায়ক্রমে তুলে দেওয়ার বিষয়টি এ বছরই ঢাকা কলেজের ক্ষেত্রে প্রযোজ্য হবে কিনা তা নিয়ে খোদ মন্ত্রণালয়ের মাঝেই এখনো টানা পড়েন চলছে। জনমনে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিতে পারে এ আশঙ্কায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কেউ কেউ এখনই ঢাকা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক শিক্ষা কার্যক্রম প্রত্যাহার না করার ওপর জোর দিচ্ছেন।

এ নিয়ে ঢাকা কলেজের শিক্ষকদের মধ্যেও বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক কলেজের একজন সহযোগী অধ্যাপক এ বিষয়ে প্রথম আলোকে বলেন, নারা দেশে ঢাকা কলেজের যা খ্যাতি সেটা উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার জন্যই। উচ্চ মাধ্যমিক যদি এ কলেজ থেকে প্রত্যাহার করা হয় সেক্ষেত্রে ঢাকা কলেজ তার ঐতিহ্য হারাবে। নাম প্রকাশে অনিচ্ছুক অন্য একজন সহকারী অধ্যাপক এ বিষয়ে বলেন, স্বাতন্ত্র্যের স্তরের ক্লাসে অনায়াসে একজন শিক্ষক ফাঁকি দিতে পারেন। কিন্তু উচ্চ মাধ্যমিকে ছাত্রদের ক্রমাগত চাপের মুখে সেটা সম্ভব হয় না। ক্লাস ফাঁকি দিতে ইচ্ছুক ঢাকা কলেজের একটি প্রভাবশালী শিক্ষক মহল তাই উচ্চ মাধ্যমিক ওঠে গেলেই খুশি - এ রকম মন্তব্যই করেন ওই সহকারী অধ্যাপক। এ প্রসঙ্গে অফিসিয়াল হোসেন নামে একজন অভিভাবক বলেন, রাজধানীর শীর্ষ কলেজগুলোর ভর্তি প্রক্রিয়ার পর যদি ঢাকা কলেজ বিষয়টি পুনর্মূল্যায়ন করে সেক্ষেত্রে তাকে মেধাবী ছাত্রদের হারাতে হবে।

এ বিষয়ে জানতে চাইলে কলেজের অধ্যক্ষ জাহানারা বেগম বলেন, উচ্চ মাধ্যমিকে ভর্তি বিষয়ে আমরা কোনো সিদ্ধান্ত নিতে পারি না। এ বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত। তবে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত এখনো আমরা জানি না।

৭২

উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভর্তি  
ঢাকা। কিন্তু চতুর্থমের কলেজগুলোতে ভর্তি ফরমের মূল্যের কোন সমতা নেই। এক এক কলেজে এক এক রকম মূল্য আদায় হচ্ছে নিয়ম বহির্ভূতভাবে। এমনকি সরকারী কলেজগুলোতেও কোন নিয়ম মানা হচ্ছে না। গতকাল মঙ্গলবার নগরীর সরকারী সিটি কলেজে গিয়ে দেখা গেছে যে, প্রতিটি ভর্তি ফরমের মূল্য আদায় করা হচ্ছে ২৪০ টাকা। অতিরিক্ত টাকা আদায়ের ব্যাপারে একজন কর্মকর্তা জানান, এখানে ভর্তি ফরমের মূল্য ছাড়াও ছাত্র সংসদকে চাঁদা দিতে হয়। কয়েকটি বিভাগে দেখা গেছে, ফরম বিক্রির কাউন্টারে ছাত্র নেতারা অবস্থান করছে। তারা অতিরিক্ত টাকা আদায় ছাড়াও ভর্তি গাইডের নামে কতগুলো চটি বই কিনতে ভর্তিচ্ছুদের

সরকারী মহিলা কলেজে আগামী ২০ নভেম্বর পর্যন্ত ভর্তি ফরম বিক্রি হবে। সরকারী কমার্স কলেজে ইতোমধ্যে ফরম বিক্রি শেষ হয়েছে। এই কলেজে অনার্স ও পাস কোর্সের ভর্তি পরীক্ষার ফলাফল গত সোমবার প্রকাশিত হয়েছে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের আগামী ১১ নভেম্বর ও ১৩ নভেম্বরের মধ্যে ভর্তি হতে হবে বলে কর্তৃপক্ষ জানান। এদিকে কমার্স কলেজের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, এই কলেজের বিবিএ প্রোগ্রামে ভর্তি পরীক্ষা আগামী ১২ নভেম্বর রবিবার বেলা ১১টায় অনুষ্ঠিত হবে। এই পরীক্ষা ৫ নভেম্বর অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।